গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

# পীরগঞ্জ সরকারি কলেজ

ঠাকুরগাঁও।

বিজ্ঞপ্তি নং-২৮৪ তারিখ : ০৩/০৪/২০২৩খ্রি.

**একই বিজ্ঞপ্তি নম্বর ও তারিখে সংশোধিত**

## ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদন ফরম আহবান সম্পর্কিত বিজ্ঞপ্তি

পীরগঞ্জ সরকারি কলেজ, ঠাকুরগাঁও-এ নিম্নলিখিত বিষয়সমূহে ও শর্তসাপেক্ষে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের নিকট হতে অনলাইন আবেদন ফরম আহবান করা যাচ্ছে।

**বিষয়সমূহ: বাংলা, ইংরেজি, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান, উদ্ভিদবিদ্যা এবং প্রাণিবিদ্যা।**

**আবেদনের যোগ্যতা:**

**১। মানবিক শাখা হতে পাসকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে:**
বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানবিক শাখা থেকে ২০২১/২০২২ সালের এইচএসসি/ সমমান পরীক্ষা (৪র্থ বিষয়সহ) ও ২০১৯/২০২০ সালের এসএসসি/ সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে ন্যুনতম জিপিএ ৩.০০সহ উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ ৬.৫০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

**২। বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা হতে পাসকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে:**
বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা থেকে ২০২১/২০২২ সালের এইচএসসি/ সমমান পরীক্ষা (৪র্থ বিষয়সহ) ও ২০১৯/২০২০ সালের এসএসসি/ সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে ন্যুনতম জিপিএ ৩.০০সহ উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ ৭.০০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

**৩। বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে শুধুমাত্র:**
(i) এইচএসসি (ভোকেশনাল) (ii) এইচএসসি (বিজনেস ম্যানেজমেন্ট) (iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ২নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

৪। আবেদনকারীদের উচ্চ মাধ্যমিক ও সমমান পরীক্ষার পঠিত বিষয়সমূহ থেকে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিযোগ্য (Eligible) বিষয় নির্ধারণ করা হবে এবং উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যুনতম গ্রেড পয়েন্ট ৩.০০ থাকতে হবে।

**ভর্তির অনলাইন প্রাথমিক আবেদন সংগ্রহ, ফি প্রদান ও আবেদন ফরম জমাদান এর সময়সূচি:**

| ক্রমিক | করণীয় | তারিখ |
|---|---|---|
| ০১. | অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ। | ০৫/০৪/২০২৩খ্রি. থেকে ০৮/০৫/২০২৩খ্রি. পর্যন্ত |
| ০২. | প্রাথমিক আবেদন ফরম ডাউনলোডের পর আবেদন ফি বাবদ ২৫৪ টাকা (জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ২৫০+ বিকাশ চার্জ ৪=২৫৪/- টাকা) কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমা প্রদান। | ০৬/০৪/২০২৩খ্রি. থেকে ০৯/০৫/২০২৩খ্রি. পর্যন্ত |
| ০৩. | ডাউনলোডকৃত আবেদন ফরম ও ফি জমাদানের ২কপি স্লিপ কলেজের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগে অফিস চলাকালীন সময়ে জমাদান। | ০৬/০৪/২০২৩খ্রি. থেকে ০৯/০৫/২০২৩খ্রি. পর্যন্ত |

## প্রাথমিক আবেদন ফি জমাদান পদ্ধতি:

☑ **বিকাশ অ্যাপের মাধ্যমে পেমেন্ট পদ্ধতি:**

* আপনার বিকাশ অ্যাপে লগ-ইন করুন।
* Home Screen থেকে Payment Select করুন।
* Merchant Number (01740473493) দিন।
* টাকার পরিমাণ 254 Type করুন।
* পরবর্তী ধাপে আপনার টাকার পরিমাণ যাচাই করুন এবং Payment Reference-এ কোন স্পেস ছাড়াই জাতীয় বিশ্ববিদ্যালয়ের Application Form-এ প্রদত্ত রোল নম্বর এবং আবেদনকারীর মোবাইল নম্বর দিন।
  উদাহরণ: 789456501702000006
  Roll Mobile No
* আপনার বিকাশ PIN পিন নম্বর দিন।
* Payment সম্পন্ন করার জন্য "Type and Hold to Make Payment" চেপে ধরে Payment সম্পন্ন করুন।
* Payment এর ২কপি স্ক্রিন শট প্রিন্ট করুন।

☑ **বিকাশ অ্যাপ ছাড়া *247# ডায়াল করে বিকাশ পেমেন্ট পদ্ধতি:**

* *247# ডায়াল করুন।
* পেমেন্ট করতে 4 বেছে নিন।
* Merchant Number (01740473493) দিন।
* টাকার পরিমাণ 254 Type করুন।
* Payment Reference -এ কোন স্পেস ছাড়াই জাতীয় বিশ্ববিদ্যালয়ের Application Form-এ প্রদত্ত ভর্তির রোল নম্বর এবং আবেদনকারীর মোবাইল নম্বর দিন।
  উদাহরণ: 789456501702000006
  Roll Mobile No
* Payment এর তথ্য যাচাই-বাছাই করে আপনার বিকাশ PIN পিন নম্বর দিয়ে Payment সম্পন্ন করুন।
* Payment সম্পন্ন করার পর যে মোবাইল নম্বর হতে Payment করা হয়েছে সেই মোবাইল নম্বরে একটি Payment SMS যাবে। উক্ত SMS এর ২কপি প্রিন্ট করুন।

**৭। বিশেষ সতর্কতা :**

উল্লিখিত আবেদন ফি ২৫৪/- টাকার কম Payment করলে কিংবা Payment Reference-এ জাতীয় বিশ্ববিদ্যালয়ের Applicaion Form-এ প্রদত্ত Roll নম্বর এবং আবেদনকারীর মোবাইল নম্বর না দিলে/ভুল দিলে আবেদন ফরম নিশ্চায়ন সংক্রান্ত কোনরূপ জটিলতা সৃষ্টি হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। **উল্লেখ্য, কলেজের মোবাইল মার্চেন্ট নম্বরে ভুল করে কেউ টাকা Payment করলে তা ফেরৎ প্রদানের কোন সুযোগ নেই। তাই সতর্কতার সাথে Payment সম্পন্ন করতে হবে এবং Payment সম্পন্নের পর প্রাপ্ত ম্যাসেজ অবশ্যই আবেদনকারীকে সংরক্ষণ করতে হবে।**

**৮। বিশেষ দ্রষ্টব্য:**

(i) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তিকৃত কোন শিক্ষার্থী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থীরা ২০২১-২০২২ শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে।

(ii) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

(iii) জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ফলাফল প্রকাশিত হওয়ার পর ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য ও নির্দেশনা কলেজ নোটিশ বোর্ডে ও কলেজের নিজস্ব ওয়েবসাইটে (www.pirganjgc.edu.bd) এবং ফেইসবুক পেইজে (Pirgan Govt. College, Thakurgaon. Online Class) প্রকাশ করা হবে।

(iii) ভর্তি সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd-এ ২৯/০৩/২০২৩খ্রি. তারিখে প্রকাশিত ভর্তি বিজ্ঞপ্তি হতে জানা যাবে।

**প্রয়োজনে যোগাযোগ:**

* ০১৭৯৯২৪৮৪৫৮ (জনাব খন্দকার আরশাদুল বারী, প্রভাষক, সদস্য, ভর্তি কমিটি)
* ০১৭১৪০৮৬৭১৩ (জনাব মো. আজহারুল ইসলাম, সহকারী অধ্যাপক, সদস্য, ভর্তি কমিটি)
* ০১৯১২৭৯৬৯৭৩ (প্রফেসর মোঃ বদরুল হুদা, আহবায়ক, ভর্তি কমিটি)

(প্রফেসর মো. আব্দুল মতিন-৫৮৫৩)
অধ্যক্ষ
পীরগঞ্জ সরকারি কলেজ
ঠাকুরগাঁও।